রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৯, ২০২২

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ আষাঢ়, ১৪২৯/১৯ জুন, ২০২২

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৫ আষাঢ়, ১৪২৯ মোতাবেক ১৯ জুন, ২০২২ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২২ সনের ১২ নং আইন

## ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

২। **২০২১-২০২২ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৭৫২৪,৬৪,০৫,০০০ (সতেরো হাজার পাঁচশত চব্বিশ কোটি চৌষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকা প্রদান।**—২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলে কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ১৭৫২৪,৬৪,০৫,০০০ (সতেরো হাজার পাঁচশত চব্বিশ কোটি চৌষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।


মুল্য : টাকা ৪.০০

৩। **নির্দিষ্টকরণ**।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

**(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)**

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৫০০,৬৯,০৬ | ৫০০,৬৯,০৬ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ২৫,৬৬,৩০ | ৫০,০০,০০ | ৭৫,৬৬,৩০ |
| ০৭ | অর্থ বিভাগ | ৬৩৪৪,৮৪,৩১ | -১০৩৭২৭,৭০ | ৫৩০৭,৫৬,৬১ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৭৮,২৫,১৫ | ৭৮,২৫,১৫ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | -৩০২,০০ | ১১৩,৬১,৭১ | ১১০,৫৯,৭১ |
| ১৭ | সশস্ত্রবাহিনী বিভাগ | ০ | ৪,০০,৮১ | ৪,০০,৮১ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ৭,৮১,৮৫ | ৭,৮১,৮৫ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ১৭৮,১৬,২৯ | ১৭৮,১৬,২৯ |
| ২১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ১৯০৮,৭১,৯৮ | ১৯০৮,৭১,৯৮ |
| ২৪ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০ | ২৫০,৮১,১২ | ২৫০,৮১,১২ |
| ২৯ | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৪৯৭,৬২,৯০ | ৪৯৭,৬২,৯০ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ৫২,২৫,৫৬ | ৫২,২৫,৫৬ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৮২,৮৩,৩২ | ২৮২,৮৩,৩২ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ১৪২,৫৬,৬২ | ১৪২,৫৬,৬২ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৩৯১,৯৭,৭৬ | ৩৯১,৯৭,৭৬ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ৬২৬,৫৯,৯১ | ৬২৬,৫৯,৯১ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ১২,৪২,১৬ | ১২,৪২,১৬ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ১৪৭,০৮,০৫ | ১৪৭,০৮,০৫ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ২৭৪২,৩৪,৬৪ | ২৭৪২,৩৪,৬৪ |
| ৪২ | পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ১,১৪,৩১ | ১,১৪,৩১ |

**(অংকসমূহ হাজার টাকায়)**

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৭৫৭,৬৯,৩০ | ৭৫৭,৬৯,৩০ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | -৫,০০ | ২৩৩৪,৪৬,৮৮ | ২৩৩৪,৪১,৮৮ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ১৭২,৭১,৮৮ | ১৭২,৭১,৮৮ |
| ৪৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০ | ৫৪,৫৬,১৪ | ৫৪,৫৬,১৪ |
| ৫০ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ৩৫৩,৪১,৯৯ | ৩৫৩,৪১,৯৯ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৩১,৩৬,৯৭ | ১৩১,৩৬,৯৭ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪০১,৩১,৭৮ | ৪০১,৩১,৭৮ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **৬৩৬৭,৪৩,৬১** | **১১১৫৭,২০,৪৪** | **১৭৫২৪,৬৪,০৫** |

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd